গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

এবং

সচিব

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯-জুন ৩০, ২০২০

# সূচিপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | উপক্রমণিকা | ৩ |
| ২. | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| ৩. | সেকশন ১ : রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি | ৫ |
| ৪. | সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ৫. | সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-১০ |
| ৬. | অঙ্গীকারনামা | ১১ |
| ৭. | সংযোজনী ১ : শব্দসংক্ষেপ | ১২ |
| ৮. | সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৩-১৫ |
| ৯. | সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৬ |

উপক্রমণিকা (preamble)

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department of Fire Service & Civil Defence)

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় ফায়ার সার্ভিস কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়েছে। ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯ এর আওতায় ১২/১২/২০১৭ হতে ০৫/০৬/২০১৯ পর্যন্ত সময়ে ১৫৪৭৯টি কল এ সাড়া প্রদান করা হয়েছে। এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় মোট ৩৩৬৮৭ জনকে সেবা প্রদান করা হয়েছে। ২০১৬ সাল থেকে ন্যাশনাল হাইওয়ের ৯৫টি পয়েন্টে রোড রেসকিউ টিম কাজ করছে। জঙ্গিবিরোধী যৌথ অভিযান এবং অগ্নি নির্বাপণ কাজে অংশগ্রহণ করে ফায়ারম্যান আঃ মতিন (২০১৭) ও সোহেল রানা (২০১৯) শাহাদাত বরণ করেছেন। ২০১৬-২০১৭ অর্থবছর হতে অদ্যাবধি ৫১,৫০২টি অগ্নি নির্বাপণ করে ৫,১৫৮ কোটি টাকার সম্পদ রক্ষা করা হয়েছে। বিগত তিন বছরে ২২,৮২১টি দুর্ঘটনায় অংশ নিয়ে ৩৬,৭৭৫ জন জীবিত এবং ৯০৭ জনকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়েছে। বিগত তিন বছরে ট্যাম্পাকো, চকবাজার, চুড়িহাট্টা ওয়াহিদ মার্কেট, এফ আর টাওয়ার, নারায়ণগঞ্জ বিআইডব্লিউটিএ'-এর গোডাউন, সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, গুলশান ডিএনসিসি ও খিলগাঁও রেলগেইট কাঁচাবাজার এবং ভাষানটেক বস্তিসহ অন্যান্য দুর্ঘটনায় সফলতার সকল কার্যক্রম পরিচালনা করেছে। সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৭৪৪ কোটি টাকার আধুনিক সাজসরঞ্জামাদি সংগ্রহ, ২২০০ জন রোহিঙ্গা শরণার্থীদের অগ্নি প্রতিরোধ বিষয়ে প্রশিক্ষণ প্রদান, ৪৩০ জন কর্মকর্তা/কর্মচারীকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদানসহ ২০১৬-২০১৭ অর্থবছর হতে অদ্যাবধি ২২.৫৯ কোটি টাকা রাজস্ব আদায় করা হয়েছে। ২০১৬-২০১৯ পর্যন্ত সারাদেশে ১৩৯৮৬টি ভবনের অগ্নি নিরাপত্তা ব্যবস্থা সার্ভে করে সার্ভের ফলাফল সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

অপরিকল্পিত নগরায়ন, আবাসিক এলাকায় কেমিক্যাল দোকান/ গোডাউন স্থাপন, অগ্নি নির্বাপণের জন্য শহর এলাকায় পানির স্বল্পতা, হাইড্রেন্ট সিস্টেমের অভাব, ইনবিল্ট ফায়ার ফাইটিং ফ্যাসিলিটিজ এর স্বল্পতা, ট্রাফিক জ্যাম, রাস্তাঘাটের অপ্রতুলতা, অপ্রশস্ত রাস্তা এবং জনসচেতনতার অভাবজনিত কারণে দুর্যোগে সাড়া প্রদান করে সময়মতো দুর্ঘটনা মোকাবেলা ও উদ্ধার কাজ পরিচালনা করা **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অন্যতম** প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ৭টি প্রকল্প সম্পন্নকরণ, ৬২০০০ (বাষট্টি হাজার) কমিউনিটি ভলান্টিয়ার তৈরি, গ্যাপ এরিয়াতে ফায়ার স্টেশন নির্মাণ করে সাড়া প্রদানের সময় হ্রাসকরণ, ডুবুরি ইউনিট সম্প্রসারণ, ১০টি বিশেষায়িত অগ্নি নির্বাপণ ও উদ্ধার ইউনিট স্থাপন, JICA ও KOICA-র সহায়তায় আধুনিক হেডকোয়ার্টার ও EOC স্থাপন এবং আধুনিক ও বিশ্বমানের প্রশিক্ষণ পরিচালনার লক্ষ্যে বঙ্গবন্ধু ফায়ার একাডেমি স্থাপন, প্রতিটি বিভাগে ওয়ার্কশপ স্থাপন, বিভাগীয় সদর দপ্তরসমূহে "ডে কেয়ার সেন্টার" স্থাপন, স্যাটেলাইট ফায়ার স্টেশন স্থাপন, অর্গানোগ্রাম যুগোপযোগিকরণ এবং অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা-২০১৪ সংশোধনকরণ।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

- অগ্নিসহ অন্যান্য দুর্ঘটনায় শতভাগ সাড়া প্রদান, ১৪৫০০ জন রোগি/আহত ব্যক্তিকে এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হবে;
- জনসচেতনতা বৃদ্ধিকরণে ৮১৭০টি অগ্নি নির্বাপণী মহড়া পরিচালনা, ১৪০০০টি টপোগ্রাফি, জন ও গণসংযোগ কার্যক্রম বাস্তবায়ন এবং ১,৫৪,০০০ জনকে দুর্যোগ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ৪৬০০টি প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করা হবে;
- অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকল্পে ডুবুরি ইউনিট সম্প্রসারণ, ২১০ জনকে উচ্চতর প্রশিক্ষণ, ১৮৪০ জন নতুন কমিউনিটি ভলান্টিয়ার কে প্রশিক্ষণ প্রদান করা হবে;
- অগ্নিনিরাপত্তা নিশ্চিতকল্পে ৪৬০০টি প্রতিষ্ঠান পরিদর্শন, ১৩,৭৫০ টি মালগুদাম ও কারখানার জন্য ফায়ার লাইসেন্স ও ছাড়পত্র এবং, ৮.৬ কোটি টাকা রাজস্ব আদায় করা হবে;
- ৫৩টি নতুন ফায়ার স্টেশনের পূর্ত কাজ সম্পন্ন করা হবে।

## সেকশন-১

রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি:

১.১ রূপকল্প :

''অগ্নিকান্ডসহ সকল দুর্যোগ মোকাবিলা ও নাগরিক সুরক্ষা নিশ্চিতকরণের মাধ্যমে এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে সক্ষমতা অর্জন''

১.২ অভিলক্ষ্য:

'' দুর্যোগ-দুর্ঘটনায় জীবন ও সম্পদ রক্ষার মাধ্যমে নিরাপদ বাংলাদেশ গড়ে তোলা''

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. অগ্নি নির্বাপণ, উদ্ধার কার্যক্রম ও চিকিৎসা সেবা পরিচালনা;
২. দুর্ঘটনা রোধে প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা;
৩. অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ;
৪. সচেতনতা বৃদ্ধিকরণে প্রশিক্ষণ প্রদান;
৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রকল্প বাস্তবায়ন ও
৬. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ প্রধান কার্যাবলি:

১. অগ্নিনির্বাপণ, অগ্নিপ্রতিরোধ ব্যবস্থা জোরদার করা এবং যে কোন দুর্ঘটনা/দুর্যোগে অনুসন্ধান ও উদ্ধারকার্য পরিচালনা করা;
২. দুর্ঘটনা ও দুর্যোগে আহতদের প্রাথমিক চিকিৎসা প্রদান, গুরুতর আহতদের দ্রুত হাসপাতালে প্রেরণ এবং রোগীদের এ্যাম্বুলেন্স সেবা প্রদান;
৩. অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন করে অগ্নি দুর্ঘটনাসহ যে কোন দুর্যোগ মোকাবেলা ও জান-মালের ক্ষয়ক্ষতি কমিয়ে আনা;
৪. জনসচেতনতা ও সকল স্থাপনায় অগ্নি দুর্ঘটনারোধকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণ, পরামর্শ, মহড়া এবং দুর্ঘটনা-দুর্যোগ তাৎক্ষণিকভাবে মোকাবেলার জন্য দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় টহল ডিউটি কার্যক্রম পরিচালনা করা;
৫. ওয়্যারহাউজ, ওয়ার্কশপ ও বহুতল ভবনের অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা বাস্তবায়নপূর্বক ফায়ার লাইসেন্স ও ছাড়পত্র প্রদান প্রদান করা;
৬. বিমান হামলার হাত থেকে রক্ষার জন্য হুঁশিয়ারী সংকেতের মাধ্যমে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিতসহ সকল বেসরকারি প্রতিষ্ঠানকে সতর্ক করা;
৭. দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে সরকারকে কৌশলগত পরামর্শ প্রদান এবং আন্তর্জাতিক অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা সংস্থাসমূহের সঙ্গে লিয়াঁজো রক্ষা ও এতদসংশ্লিষ্ট আন্তর্জাতিক সভা সেমিনারে প্রতিনিধিত্ব করা;
৮. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়নসহ অগ্নিনির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা;
৯. আধুনিক অগ্নি নির্বাপণ ও উদ্ধার সাজসরঞ্জামাদির চাহিদা প্রণয়ন ও সংগ্রহ এবং অগ্নিনির্বাপণ ও উদ্ধারকারী সাজসরঞ্জামাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ;
১০. জান-মালের নিরাপত্তা বৃদ্ধিসহ দুর্যোগ মোকাবেলায় স্বেচ্ছাসেবক তৈরি করা;
১১. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা-কর্মচারী, জনসাধারণ ও শিক্ষার্থীদের অগ্নিনির্বাপণ প্রতিরোধ এবং বেসামরিক প্রতিরক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
১২. অধিদপ্তরের জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অগ্নিনির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে যুগোপযোগি আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের ব্যবস্থা করা;
১৩. আইন অনুযায়ী সার্ভিস চার্জের বিনিময়ে সেবা প্রদান ও সংঘটিত অগ্নিকান্ডের তদন্ত করে প্রতিবেদন প্রণয়ন করা।

# সেকশন-২

## অধিদপ্তরের আউটকাম (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| দুর্যোগজনিত ঝুঁকি ও ক্ষয়ক্ষতি হ্রাস | পরিচালিত দুর্যোগ বিষয়ক মহড়া | সংখ্যা | ১২৩০০ | ১৩৯৭০ | ১৪৫০০ | ১৫৫০০ | ১৬০০০ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, জেলা প্রশাসন, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | মাঠ পর্যায়ের দপ্তরসমূহ হতে প্রাপ্ত বার্ষিক প্রতিবেদন |
| | টপোগ্রাফি, জন ও গণসংযোগ | সংখ্যা | ১৩৭৭৩ | ১৩৬৫২ | ১৪০০০ | ১৫০০০ | ১৬০০০ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, জেলা প্রশাসন, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | মাঠ পর্যায়ের দপ্তরসমূহ হতে প্রাপ্ত বার্ষিক প্রতিবেদন |
| | প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | সংখ্যা | ১২৭৫৬০ | ১৩৩৬৬৩ | ১৪৮০০০ | ১৫০০০০ | ১৫৫০০০ | জেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | মাঠ পর্যায়ের দপ্তরসমূহ হতে প্রাপ্ত বার্ষিক প্রতিবেদন |
| | স্থাপনকৃত নতুন ফায়ার স্টেশন | সংখ্যা | ১৮ | ৬২ | ৫৩ | ৯৭ | - | পরিকল্পনা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, ভূমি মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়। | অধিদপ্তরের প্রকল্পসমূহ ও পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত |

## সেকশন-৩

### ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY2 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১. অগ্নি নির্বাপণ, উদ্ধার কার্যক্রম ও চিকিৎসা সেবা পরিচালনা | ১৬ | [১.১] অগ্নি নির্বাপণ, দুর্ঘটনা কবলিতদের উদ্ধার ও চিকিৎসালয়ে স্থানান্তর; | [১.১.১] সাড়া প্রদানকৃত দুর্ঘটনা | % | ১২ | ১০০ | ১০০ | ১০০ | - | - | - | - | ১০০ | ১০০ |
| | | [১.২] এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা; | [১.২.১] প্রদানকৃত এ্যাম্বুলেন্স সার্ভিস | সংখ্যা (জন) | ৪ | ৯১৪৬ | ১৪২৯১ | ১৪৫০০ | ১৩০০০ | ১১৮০০ | ১০৫০০ | ৯১৪৬ | ১৫০০০ | ১৫৫০০ |
| ২. দুর্ঘটনা রোধে প্রতিরোধ মূলক কার্যক্রম পরিচালনা | ১৫ | [২.১] জনসচেতনতার লক্ষ্যে অগ্নি দুর্ঘটনা, উদ্ধার ও ভূমিকম্প প্রতিরোধমূলক মহড়া আয়োজন | [২.১.১] শপিংমল, হাটবাজার বিপণিবিতানে আয়োজিত মহড়া | সংখ্যা | ৩ | ৩০৯২ | ৪৫৭২ | ৪৬০০ | ৪২০০ | ৩৭০০ | ৩৩০০ | ৩০৯২ | ৪৮০০ | ৫০০০ |
| | | | [২.১.২] শিক্ষা প্রতিষ্ঠানে আয়োজিত মহড়া | সংখ্যা | ৩ | ২৬৩৮ | ১৯০৭ | ২০০০ | ১৮৫০ | ১৭০০ | ১৫০০ | ১৩০০ | ২২০০ | ২৪০০ |
| | | | [২.১.৩] বহুতল/ বাণিজ্যিক ভবনে পরিচালিত মহড়া | সংখ্যা | ৩ | ৬০৭ | ৭০৩ | ৭২০ | ৬৯০ | ৬৬০ | ৬৩০ | ৬০৭ | ৭৫০ | ৭৮০ |
| | | | [২.১.৪] বস্তি এলাকায় পরিচালিত মহড়া | সংখ্যা | ২ | ৪৭১ | ৮৩৯ | ৮৫০ | ৭০০ | ৬০০ | ৫৫০ | ৪৭১ | ৮৭০ | ৯০০ |
| | | [২.২] জনসচেতনতার লক্ষ্যে টপোগ্রাফি, জন ও গণসংযোগ পরিচালনা | [২.২.১] পরিচালিত টপোগ্রাফি, জন ও গণসংযোগ | সংখ্যা | ৪ | ১৩৭৭৩ | ১৩৬৫২ | ১৪০০০ | ১৩৯৫০ | ১৩৯০০ | ১৩৮৪০ | ১৩৭৭৩ | ১৪৫০০ | ১৫০০০ |
| ৩. অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদার করণ | ১৪ | [৩.১] বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ | [৩.১.১] পরিচালিত পরিদর্শন কার্যক্রম | সংখ্যা | ৫ | ৪৫৮৭ | ৪১৬০ | ৪৬০০ | ৪৫৫০ | ৪৪০০ | ৪১৫০ | ৪০০০ | ৪৮০০ | ৫০০০ |
| | | | [৩.১.২] প্রদানকৃত ফায়ার লাইসেন্স | সংখ্যা | ৪ | ১০২৪১ | ১২৯৩২ | ১৩২০০ | ১২৫০০ | ১১৮০০ | ১১১০০ | ১০৫০০ | ১৩৫০০ | ১৩৮০০ |
| | | | [৩.১.৩] প্রদানকৃত ফায়ার ছাড়পত্র | সংখ্যা | ২ | ২৭২ | ৫১১ | ৫৫০ | ৪৭৫ | ৪০০ | ৩৪০ | ২৭২ | ৬০০ | ৬৫০ |
| | | [৩.২] ফায়ার লাইসেন্স ও অন্যান্য বাবদ রাজস্ব আদায় | [৩.২.১] আদায়কৃত রাজস্ব | টাকা (লক্ষ) | ৩ | ৬৫৯ | ৮৫০ | ৮৬০ | ৮২০ | ৭৭০ | ৭২০ | ৬৫৯ | ৯০০ | ৯৫০ |
| | | [৪.১] অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | [৪.১.১] প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | সংখ্যা (জন) | ৩ | ১৯২৭৯ | ১৫৪২১ | ২০০০০ | ১৮৬০০ | ১৭৩০০ | ১৬০০০ | ১৫০০০ | ২২০০০ | ২৩০০০ |
| | | | [৪.১.২] শিক্ষাঙ্গনের জন্য প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | সংখ্যা (শিক্ষার্থী) | ৩ | ৫৮৮২৪ | ৩৫৬৮২ | ৫০০০০ | ৪৭০০০ | ৪৩০০০ | ৪০০০০ | ৩৬০০০ | ৫২০০০ | ৫৪০০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY2 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ৪. সচেতনতা বৃদ্ধিকরণে প্রশিক্ষণ প্রদান | ১২ | | [৪.১.৩] প্রতিষ্ঠানে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | সংখ্যা (জন) | ২ | ৮১৭২০ | ৮২৫৬০ | ৮৪০০০ | ৮৩৫০০ | ৮৩০০০ | ৮২৩০০ | ৮১৭২০ | ৮৫০০০ | ৮৬০০০ |
| | | [৪.২] প্রশিক্ষিত কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুতকরণ | [৪.২.১] প্রস্তুতকৃত নতুন কমিউনিটি ভলান্টিয়ার | সংখ্যা (জন) | ২ | ১৭৫০ | ১৭৮১ | ১৮৪০ | ১৮২০ | ১৭৯০ | ১৭৭০ | ১৭৫০ | ২৭৬০ | ৩৬৮০ |
| | | | [৪.২.২] কমিউনিটি ভলান্টিয়ারদের সতেজকরণ প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ২ | ২২০ | ১১৪০ | ১০০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ৫০০ | ১১০০ | ১২০০ |
| ৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রকল্প বাস্তবায়ন। | ১২ | [৫.১] ১৫৬ প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন স্থাপন | [৫.১.১] নির্মিত ফায়ার স্টেশন | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৩ | ৪৫ | ৫১ | ৯৫ | ৮৫ | ৮০ | ৭০ | ৬০ | ১৫৬ | - |
| | | [৫.২] ২৫ (সংশোধিত-৪৬টি) প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন স্থাপন | [৫.২.১] নির্মিত ফায়ার স্টেশন | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৩ | ০২ | ১২ | ২১ | ১৯ | ১৭ | ১৫ | ১৩ | ৪৬ | - |
| | | [৫.৩] ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন স্থাপন | [৫.৩.১] সম্পন্নকৃত জমি অধিগ্রহণ প্রক্রিয়া | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২ | - | ০১ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ০৩ | ১১ | - |
| | | [৫.৪] স্ট্রেংদেনিং এবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স (সাফার) | [৫.৪.১] সম্পন্নকৃত সাফার প্রজেক্ট | % | ১ | - | - | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | ১০০ | - |
| | | [৫.৫] ডুবুরি ইউনিট সম্প্রসারণ | [৫.৫.১] সম্প্রসারিত ডুবুরি ইউনিট | % | ১ | - | - | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ১০০ | - |
| | | [৫.৬] বঙ্গবন্ধু ফায়ার একাডেমি নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ। | [৫.৬.১] প্রণয়নকৃত ডিপিপি | তারিখ | ২ | - | - | ৩০/০৪/২০২০ | ১৭/০৫/২০২০ | ৩১/০৫/২০২০ | ১৫/০৬/২০২০ | ৩০/০৬/২০২০ | - | - |
| ৬. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ৬ | [৬.১] অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা-২০১৪ খসড়া পুনঃ প্রণয়নপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | [৬.১.১] খসড়া প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | **তারিখ** | ২ | - | - | **০১/০১/২০২০** | **০২/০২/২০২০** | **০১/০৩/২০২০** | **০১/০৪/২০২০** | **০৩/০৫/২০২০** | - | - |
| | | [৬.২] জনবল কাঠামো (organogram) পুনর্গঠন ও যুগোপযোগিকরণ প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | [৬.২.১] খসড়া প্রণয়নপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | **তারিখ** | ২ | - | - | **১২/০১/২০২০** | **১৪/০২/২০২০** | **১৫/০৩/২০২০** | **১৫/০৪/২০২০** | **১৮/০৫/২০২০** | - | - |
| | | [৬.৩] 'ডে কেয়ার সেন্টার" গড়ে তোলা | [৬.৩.১] গঠিত ডে কেয়ার সেন্টার | সংখ্যা | ২ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ | - |

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

(মোট নম্বর-২৫)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objectives ) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very good) | উত্তম (good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (Feedback) প্রদত্ত | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১০ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৪ ফেব্রুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | | [১.২.২] ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর, ২০১৯ | ১৫ নভেম্বর, ২০১৯ | ১৫ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ৩১ জানুয়ারি, ২০২০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | | [২.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারিকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] দপ্তর/সংস্থা কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [২.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ১ | ১৫ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ মার্চ, ২০২০ | ৩১ মার্চ, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ৩০ মে, ২০২০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very good) | উত্তম (good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | ১০ | [২.৩] দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৪] সেবা সহজিকরণ | [২.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | ০.৫ | ১৫ অক্টো, ২০১৯ | ২০ অক্টো, ২০১৯ | ২৪ অক্টো, ২০১৯ | ২৮ অক্টো, ২০১৯ | ৩০ অক্টো, ২০১৯ |
| | | | [২.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | ০.৫ | ১৫ এপ্রিল, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ১৫ মে, ২০২০ | ৩০ মে, ২০২০ | ১৫ জুন, ২০২০ |
| | | [২.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | [২.৫.১] পি আর এল আদেশ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৫.২] ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [২.৬.২] নিয়োগ প্রদানকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.৭] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [২.৭.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | [২.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৮.১] সকল তথ্য হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ০.৫ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রু: ২০২০ | ১১ ফেব্রু: ২০২০ | ১৮ ফেব্রু: ২০২০ | ২৫ ফেব্রু: ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রু: ২০২০ | ১১ ফেব্রু: ২০২০ | ১৮ ফেব্রু: ২০২০ | ২৫ ফেব্রু: ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/বিটিসিএল- এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

**অঙ্গীকারনামা**

আমি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল, মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, সুরক্ষা সেবা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৮/০৬/১৯

ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ সাজ্জাদ হোসাইন এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

তারিখঃ ১৮/০৬/২০১৯

মো: শহিদুজ্জামান
সচিব
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

তারিখঃ ১৮/০৬/২০১৯

# সংযোজনী-১

শব্দ সংক্ষেপ
(Acronyms)

| ক্রমিক নম্বর | আদ্যক্ষর | পূর্ণ বিবরণ |
|---|---|---|
| ১ | BNBC | Bangladesh National Building Code |
| ২ | CDMP | Comprehensive Disaster Management Programme |
| ৩ | EOC | Emergency Operation Centre |
| ৪ | FARSOW | Fire & Rescue Special Operation Wing |
| ৫ | JICA | Japanese International Co-operation agency |
| ৬ | KOICA | Korean International Co-operation agency |
| ৭ | SAFAR | Strengthening Ability of Fire Emergency Response |

সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] অগ্নি নির্বাপণ, দুর্ঘটনাকবলিতদের উদ্ধার ও চিকিৎসালয়ে স্থানান্তর | (১.১.১) সাড়া প্রদানকৃত দুর্ঘটনা | ৯৯৯, ঢাকাস্থ কেন্দ্রীয় ও বিভাগীয় নিয়ন্ত্রণকক্ষ/ যে কোন ফায়ার স্টেশনে প্রাপ্ত অগ্নিকান্ডের সংবাদের ভিত্তিতে অধিদপ্তরের কর্মীগণ শতভাগ অগ্নিকান্ডে সরঞ্জামাদিসহ অকুস্থলে গমনপূর্বক অগ্নি নির্বাপণ, দুর্ঘটনাকবলিতদের উদ্ধার ও চিকিৎসালয়ে স্থানান্তর করেন | পরিচালক (অপা: ও মেইন:) | সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক | |
| ২ | [১.২] এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা | (১.২.১) প্রদানকৃত এ্যাম্বুলেন্স সার্ভিস | নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে রোগী এ্যাম্বুলেন্স সার্ভিসের মাধ্যমে জরুরিভিত্তিতে চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণের মাধ্যমে জনগণকে সেবা প্রদান করা হয়। যে কোন ব্যক্তি ৯৯৯, ঢাকাস্থ কেন্দ্রীয় ও বিভাগীয় নিয়ন্ত্রণকক্ষ/ যে কোন ফায়ার স্টেশনে কল করে অনপেমেন্ট ব্যবস্থায় এই সেবা গ্রহণ করতে পারেন | পরিচালক (অপা: ও মেইন:) | অধিদপ্তরের অ্যাম্বুলেন্স শাখা হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক | |
| ৩ | [২.১] জনসচেতনতা বৃদ্ধিকরণে অগ্নি দুর্ঘটনা, উদ্ধার ও ভূমিকম্প প্রতিরোধমূলক মহড়ার আয়োজন | [২.১.১] শপিংমল, হাটবাজার বিপণিবিতানে পরিচালিত মহড়া | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধ বিষয়ে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশন/ যৌথ বাহিনীর সাথে সমন্বয়পূর্বক শপিংমল, হাটবাজার বিপণিবিতানে মহড়া পরিচালনা করা হয় | পরিচালক (অপা: ও মেইন:) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ৪ | | [২.১.২] শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মহড়া | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধ বিষয়ে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশন/ যৌথ বাহিনীর সাথে সমন্বয়পূর্বক শিক্ষা প্রতিষ্ঠানে মহড়া পরিচালনা করা হয় | পরিচালক (অপা: ও মেইন:) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ৫ | | [২.১.৩] বহুতল/ বাণিজ্যিক ভবনে পরিচালিত মহড়া | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধ সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশন/ যৌথ বাহিনীর সাথে সমন্বয়পূর্বক বহুতল/ বাণিজ্যিক ভবনে মহড়া পরিচালনা করা হয় | পরিচালক (অপা: ও মেইন:) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ৬ | | [২.১.৪] বস্তি এলাকায় পরিচালিত মহড়া | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধ বিষয়ে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশনের উদ্যোগে বস্তি এলাকায় মহড়া পরিচালনা করা হয় | পরিচালক (অপা: ও মেইন:) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ৭ | [২.২] জনসচেতনতার লক্ষ্যে টপোগ্রাফি, জন ও গণসংযোগ পরিচালনা | [২.২.১] পরিচালিত টপোগ্রাফি, জন ও গণসংযোগ | জনসচেতনতা বৃদ্ধি, ভূমিকম্প ও অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনা মোকবেলা সহজতর করার জন্য রাস্তাঘাট ও পানির উৎসসহ ঝুকিপূর্ণ স্থান চিহ্নিত করার জন্য নিকটস্থ ফায়ার স্টেশনের মাধ্যমে সারাদেশে টপোগ্রাফি, জন ও গণসংযোগ পরিচালনা করা হয় | পরিচালক (প্রশা: ও অর্থ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৮ | [৩.১] বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ | [৩.১.১] পরিচালিত পরিদর্শন কার্যক্রম | সকল মালগুদাম ও কারখানায় অগ্নি প্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এর বিধান অনুযায়ী অধিদপ্তরের কর্মী কর্তৃক পরিদর্শন করে প্রতিটি প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণ করা হয় | পরিচালক (প্রশা: ও অর্থ) | অধিদপ্তরের ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ৯ | | [৩.১.২] প্রদানকৃত ফায়ার লাইসেন্স | সকল মালগুদাম ও কারখানায় অগ্নি প্রতিরোধ ও নির্বাপণী ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এর বিধান অনুযায়ী অধিদপ্তরের কর্মী কর্তৃক পরিদর্শন করে ফায়ার সেফটি নিশ্চিতকরণ ও রাজস্ব আদায়ের লক্ষ্যে ফায়ার লাইসেন্স প্রদান করা হয় | পরিচালক (প্রশা: ও অর্থ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদন হতে তথ্য পাওয়া যায় | |
| ১০ | | [৩.১.৩] প্রদানকৃত ফায়ার ছাড়পত্র | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এবং বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুযায়ী যে কোন বহুতল ভবনের অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকল্পে আবেদনের পরিপ্রেক্ষিতে বহুতল ও বাণিজ্যিক ভবন নির্মাণের ছাড়পত্র প্রদান করা হয় | পরিচালক (প্রশা: ও অর্থ) | সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক | |
| ১১ | [৩.২] ফায়ার লাইসেন্স ও অন্যান্য বাবদ রাজস্ব আদায় | [৩.২.১] আদায়কৃত রাজস্ব | যে কোন ওয়্যারহাউজ ও ওয়ার্কশপে অগ্নি দুর্ঘটনার ফলে ক্ষতির পরিমাণ নির্ধারণ ও অগ্নিকান্ডের কারণ সম্পর্কিত ফায়ার রিপোর্ট, লাইসেন্স প্রদানসহ অন্যান্য মাধ্যমে ফি আদায় করা হয় | পরিচালক (প্রশা: ও অর্থ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদেরর নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক | |
| ১২ | [৪.১] অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | [৪.১.১] প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | সাধারণ জনগণের মৌলিক অগ্নি নির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প বিষয়ে মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হয় | পরিচালক (প: উ: প্র:) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক | |
| ১৩ | | [৪.১.২] শিক্ষাঙ্গনে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | স্কুল কলেজসহ সকল শিক্ষার্থীদের মৌলিক অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প সম্পর্কে মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হয় | পরিচালক (প: উ: প্র:) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক | |
| ১৪ | | [৪.১.৩] প্রতিষ্ঠানে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ | সরকারি বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ফি সহ আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানের জন্য মৌলিক অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প বিষয়ে মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হয় | পরিচালক (অপা: ও মেইন:) | অধিদপ্তরের ফায়ার সেফটি শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ১৫ | [৪.২] প্রশিক্ষিত কমিউনিটি ভলান্টিয়ার তেরী | [৪.২.১] প্রস্তুতকৃত নতুন কমিউনিটি ভলান্টিয়ার | ভূমিকম্প ও অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনা মোকাবেলার জন্য সাহায্যকারী জনবল বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সারাদেশে কমিউনিটি ভলান্টিয়ার তৈরি করা হয় | পরিচালক (প: উ: প্র:) | অধিদপ্তরের প্রশিক্ষণ শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ১৬ | | [৪.২.২] কমিউনিটি ভলান্টিয়ারদের সতেজকরণ | ভূমিকম্প ও অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনা মোকাবেলার জন্য সাহায্যকারী জনবল বৃদ্ধির লক্ষ্যে তৈরিকৃত ভলান্টিয়ারদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সতেজকরণ করা হয় | পরিচালক (প: উ: প্র:) | অধিদপ্তরের প্রশিক্ষণ শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৭ | [৫.১] ১৫৬ প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন স্থাপন | [৫.১.১] নির্মিত ফায়ার স্টেশন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১৫৬টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নির্মাণ কাজ সমাপ্তকরণ | পরিচালক (প্রকল্প ১৫৬) | অধিদপ্তরের প্রকল্প ১৫৬ ও পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ১৮ | [৫.২] ২৫ (সংশোধিত-৪৬টি) প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন স্থাপন | [৫.২.১] নির্মিত ফায়ার স্টেশন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২৫ (সংশোধিত-৪৬টি) ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নির্মাণ কাজ সমাপ্তকরণ | পরিচালক (প্রকল্প ২৫) | অধিদপ্তরের প্রকল্প ২৫ (সংশোধিত-৪৬টি) ও পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ১৯ | [৫.৩] ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন স্থাপন | [৫.৩.১] সম্পন্নকৃত জমি অধিগ্রহণ প্রক্রিয়া | সারাদেশের অতি গুরুত্বপূর্ণ ১১টি স্থানে অত্যাধুনিক সাজসরঞ্জামাদিসহ ফায়ার স্টেশন স্থাপনের লক্ষ্যে জমি যাচাই বাছাই ও অধিগ্রহণকরণ | পরিচালক (১১-মডার্ণ প্রকল্প) | অধিদপ্তরের ১১-মডার্ণ প্রকল্প ও পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ২০ | [৫.৪] স্ট্রেংদেনিং এবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স (সাফার) প্রজেক্ট | [৫.৪.১] সম্পন্নকৃত সাফার প্রজেক্ট | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর যে কোন দুর্যোগ দুর্ঘটনায় সংবাদ স্বয়ংক্রিয়ভাবে গ্রহণ ও জরুরিভাবে সাড়া প্রদানের লক্ষ্যে অত্যাধুনিক সাজ-সরঞ্জামাদিসহ নিয়ন্ত্রণ কক্ষ স্থাপনকরণ | পরিচালক (সাফার প্রকল্প) | পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ২১ | [৫.৫] ডুবুরি ইউনিট সম্প্রসারণ | [৫.৫.১] সম্প্রসারিত ডুবুরি ইউনিট | পানি হতে তাৎক্ষণিক উদ্ধার কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সারাদেশে নৌ-দুর্ঘটনা প্রবন এলাকায় অত্যাধুনিক সাজসরঞ্জাম ও ডুবুরি ইউনিট সম্প্রসারণ | পরিচালক (ডুবুরি ইউনিট সম্প্রসারণ" প্রকল্প) | অধিদপ্তরের "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ" প্রকল্প ও পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ২২ | [৫.৬] বঙ্গবন্ধু ফায়ার একাডেমি নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | [৫.৬.১] প্রণয়নকৃত ডিপিপি | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধমূলক সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধিকল্পে অত্যাধুনিক ও বিশ্বমানের বঙ্গবন্ধু ফায়ার একাডেমি নির্মাণের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন | পরিচালক (প: উ: প্র:) | পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ২৩ | [৬.১] অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা-২০১৪ খসড়া পুনঃ প্রণয়নপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | [৬.১.১] খসড়া প্রস্তাব সুরক্ষা সেবা প্রেরণকৃত | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও বিভিন্ন প্রতিষ্ঠানের ফায়ার ফাইটিং সাজসরঞ্জামাদিসহ অন্যান্য সেফটি ইস্যু নিশ্চিত করার লক্ষ্যে সময়োপযোগি বিধিমালা সংশোধন কার্যক্রম গ্রহণ | পরিচালক (অপা: ও মেইন:) | অধিদপ্তরের ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ২৪ | [৬.২] জনবল কাঠামো (organogram) পুনর্গঠন ও যুগোপযোগিকরণ | [৬.২.১] খসড়া প্রণয়নপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকল্পে জনবল কাঠামো (organogram) পুনর্গঠন ও যুগোপযোগিকরণ | পরিচালক (প্রশা: ও অর্থ) | অধিদপ্তরের প্রশাসন শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক | |
| ২৫ | [৬.৩] "ডে কেয়ার সেন্টার" গড়ে তোলা | [৬.৩.১] গঠিত ডে কেয়ার সেন্টার | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে কর্মরত মহিলাগণের শিশুদের শারীরিক ও মানসিক বৃদ্ধির লক্ষ্যে ফায়ার সার্ভিস কল্যাণ ট্রাস্টের মাধ্যমে "ডে কেয়ার সেন্টার" গড়ে তোলার কার্যক্রম গ্রহণ | পরিচালক (প্রশা: ও অর্থ) | অধিদপ্তরের কল্যাণ ট্রাস্ট শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |

## সংযোজনী-৩

কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়ের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| (ক) অর্থ বিভাগ<br>(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | কমিউনিটি ভলান্টিয়ার তৈরি | ভূমিকম্পপ্রবণ অঞ্চলে কমিউনিটি পর্যায়ে ৬২০০০ ভলান্টিয়ার তৈরি ও সতেজকরণ প্রশিক্ষণ | কমিউনিটি ভলান্টিয়ার তৈরিতে ও সতেজকরণে অর্থ বরাদ্দ | কমিউনিটি ভলান্টিয়ার তৈরি ও সতেজকরণে অর্থ বিভাগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ সংগ্রহ | ভূমিকম্পপ্রবণ অঞ্চলে ৬২০০০ কমিউনিটি ভলান্টিয়ার তৈরি ও সতেজকরণে বিলম্বিত হতে পারে। |
| (ক) মন্ত্রিপরিষদ বিভাগ<br>(খ) পরিকল্পনা বিভাগ<br>(গ) ভূমি মন্ত্রণালয়<br>(ঘ) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়<br>(ঙ) অর্থ বিভাগ<br>(চ) জনপ্রশাসন মন্ত্রণালয়<br>(ছ) স্থানীয় সরকার বিভাগ | জমি বরাদ্ধ<br>ভবন নির্মাণ<br>পদ সৃজন<br>আধুনিক সাজ সরঞ্জামাদি সংগ্রহ | প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি ফায়ার স্টেশন স্থাপন সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন, বঙ্গবন্ধু প্রশিক্ষণ একাডেমি নির্মাণ, ১৫৬টি, (৪৬)টি ও অন্যান্য প্রকল্পের ফায়ার স্টেশন নির্মাণসহ আধুনিক সাজসরঞ্জামাদি সংগ্রহ শীর্ষক প্রকল্প সমাপ্তকরণ ও নতুন প্রায় ৬০০০ জনবলের পদ সৃজন | নতুন প্রকল্প অনুমোদন, জমি অধিগ্রহণ, ভবন নির্মাণ, সাজসরঞ্জামাদি সংগ্রহ এবং পদ সৃজনে ত্বরিত মতামত/ অনুমোদন প্রদান | দ্রুত নতুন প্রকল্প অনুমোদন, জমি অধিগ্রহণ, ভবন নির্মাণ, সাজ সরঞ্জামাদি সংগ্রহ এবং পদ সৃজন সংক্রান্ত কার্যক্রম সম্পন্নকরণ | প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি ফায়ার স্টেশন স্থাপন সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে আধুনিক প্রশিক্ষণ একাডেমি, ফায়ার স্টেশন নির্মাণসহ আধুনিক সাজ সরঞ্জামাদি সংগ্রহ এবং নির্মাণ সমাপ্তকৃত ফায়ার স্টেশনগুলির কার্যক্রম চালু বিলম্বিত হতে পারে। |
| (ক) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(খ) জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়<br>(গ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ<br>(ঘ) স্থানীয় সরকার বিভাগ<br>(ঙ) বিদ্যুৎ বিভাগ | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণী ব্যবস্থা নিশ্চিতকরণ | শিল্প প্রতিষ্ঠান, বহুতল ভবন ও অন্যান্য স্থাপনায় অগ্নি নির্বাপণী ব্যবস্থা নিশ্চিতকরণ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অনুমোদনবিহীন কোন ভবনের নকশা অনুমোদন, প্রতিষ্ঠান/ স্থাপনায় বিদ্যুৎ সংযোগ, গ্যাস সংযোগ ও ব্যাংক ঋণ প্রদান না করা | অগ্নিকান্ড, উদ্ধার ও ভূমিকম্পসহ যে কোন দুর্ঘটনা প্রতিরোধে শিল্প প্রতিষ্ঠান ও স্থাপনায় অগ্নি নির্বাপণী ব্যবস্থা নিশ্চিতকরণ | শিল্প প্রতিষ্ঠান, বহুতল ভবন ও অন্যান্য স্থাপনায় অগ্নিকান্ড ও ভূমিকম্পসহ বহুমাত্রিক দুর্ঘটনা প্রতিরোধে বাধাগ্রস্থ হতে পারে। |